# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩২২৪

১৫/ কিতাবুল জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ২৬৩. কেউ ইহরাম অবস্থায় মারা গেলে কি করতে হবে?

باب الْمُحْرِمِ يَمُوتُ كَيْفَ يُصْنَعُ بِهِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ، أَخْبَرَنَا سُفْيَانُ، حَدَّثَنِي عَمْرُو بْنُ دِينَارٍ، عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ أُتِيَ النَّبِيُّ صلى الله عليه وسلم بِرَجُلٍ وَقَصَتْهُ رَاحِلَتُهُ فَمَاتَ وَهُوَ مُحْرِمٌ فَقَالَ " كَفِّنُوهُ فِي ثَوْبَيْهِ وَاغْسِلُوهُ بِمَاءٍ وَسِدْرٍ وَلاَ تُخَمِّرُوا رَأْسَهُ فَإِنَّ اللَّهَ يَبْعَثُهُ يَوْمَ الْقِيَامَةِ يُلَبِّي " . قَالَ أَبُو دَاوُدَ سَمِعْتُ أَحْمَدَ بْنَ حَنْبَلٍ يَقُولُ فِي هَذَا الْحَدِيثِ خَمْسُ سُنَنٍ " كَفِّنُوهُ فِي ثَوْبَيْهِ " . أَىْ يُكَفَّنُ الْمَيِّتُ فِي ثَوْبَيْنِ " وَاغْسِلُوهُ بِمَاءٍ وَسِدْرٍ " . أَىْ إِنَّ فِي الْغَسَلاَتِ كُلِّهَا سِدْرًا " وَلاَ تُخَمِّرُوا رَأْسَهُ " . وَلاَ تُقَرِّبُوهُ طِيبًا وَكَانَ الْكَفَنُ مِنْ جَمِيعِ الْمَالِ .

বাংলা

৩২২৪. মুহাম্মদ ইবন কাছীর (রহঃ) .... ইবন আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এমন এক ব্যক্তিকে আনা হয়, যার উট তার ঘাড় ভেঙ্গে দিয়েছিল। ফলে সে মারা যায়, আর সে ব্যক্তি ইহরাম অবস্থায় ছিল। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তাঁকে দু’টি কাপড়ে কাফন দেবে এবং কুলের পাতা মিশান পানি দিয়ে তাঁর গোসল দেবে এবং তাঁর মাথা ঢাকবে না। কেননা, আল্লাহ্ তা’আলা তাঁকে কিয়ামতের দিন তালবিয়া (লাব্বায়েক, আল্লাহুমা লাব্বায়েক) পাঠরত অবস্থায় উঠাবেন।

আবূ দাঊদ (রহঃ) বলেনঃ আমি আহমদ ইবন হাম্বল (রহঃ)-কে এরূপ বলতে শুনেছি যে, উক্ত হাদীছে পাঁচটি সুন্নাতের কথা উল্লেখ আছে। যথাঃ

(১) মৃত ব্যক্তিকে দুটি কাপড়ে কাফন দেওয়া,

(২) কুলের পাতা মিশান পানি দিয়ে গোসল দেওয়া,

(৩) ইহরাম অবস্থায় মৃত্যু বরনকারীর মাথা না ঢাকা,

(৪) তার দেহে খোশবু না লাগান এবং

(৫) (ইহরাম অবস্থায় মৃত ব্যক্তির কাছে যে টাকা থাকে) সে টাকা হতে প্রথমে তার দাফন-কাফনের ব্যবস্থা করবে।

## English

Narrated Ibn 'Abbas:

To the Messenger of Allah (ﷺ) was brought man wearing ihram who was thrown by his she-camel and has his neck broken and had died. He then said: Shroud him in his two garments, was him with water and lotus leaves, but do not cover his head, for he will be raised on the Day of Resurrection saying the talbiyah.

Abu Dawud said: I heard Ahmad b. Hanbal say: There are five rules of the law (sunan) in this tradition: "Shroud him in his two garment," that is, the dead should be shrouded in his two garments. "Wash him with water and lotus leaves," that is, washing all times should be with lotus leaves. Do not bring any perfume near him. The shroud will be made from the property (of the dead).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=35331

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন